**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 17-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM, Rajasthan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ রাজস্থান সফরে যাচ্ছেন। সফরকালে, তিনি রাজস্থান রাজ্য সরকারের এক বছর পূর্তি উপলক্ষে 'এক বর্ষ্ পরিণাম উৎকর্ষ্' কর্মসূচিতে অংশ নেবেন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী রাজস্থানের জয়পুরে ৪৬ হাজার ৩০০ কোটি টাকারও বেশি মূল্যের শক্তি, সড়ক, রেলপথ এবং জল সংক্রান্ত ২৪টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

***************************

**Governor, Bijoy Dibos :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল মহান বিজয় দিবস উপলক্ষে আগরতলার লিচুবাগান স্থিত অ্যালবার্ট এক্কা পার্কে শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করেন। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, ব্যাটেলিয়ানের মেজর জেনারেল সমীর চরণ কার্তিকেয়ন সহ সেনাবাহিনী জওয়ানরা। বিজয় দিবস সম্পর্কে রাজ্যপাল বলেন ভারতীয়  জওয়ানরা পাকিস্তানের সঙ্গে লড়াই করে ১৯৭১ সালের এই দিনেই বাংলাদেশকে জয়ী করেছে। ভারতীয় জওয়ানদের আত্ম বলিদানের এই ইতিহাসকে স্মরণ করে তিনি তাদের ও তাদের পরিবার বর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

****************************

**CM, North East investor summit :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি মধ্যে মোট অভ্যন্তরীণ উৎপাদনের ক্ষেত্রে দ্বিতীয় স্থানে রয়েছে। গতকাল মুম্বাইয়ে উত্তর পূর্ব বৈশ্বিক বিনিয়োগকারীদের শীর্ষ সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবসময় উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলিকে অষ্টলক্ষ্মী হিসেবে সম্বোধন করেন এবং এই রাজ্যগুলির উন্নয়নে প্রাধান্য দিয়ে থাকেন। তিনি বলেন ত্রিপুরায় যথেষ্ট সম্পদ রয়েছে এবং রাজ্য কৃষি ক্ষেত্র সহ অন্যান্য গুরুত্ব পূর্ণ ক্ষেত্রে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হয়ে উঠছে।

*************************

**Nirmala Sitaraman :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, ভারতীয় সংবিধানের নথিতে উল্লিখিত চেতনাকে জাগ্রত করবে, এমন ভারত গড়ে তোলার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করার সময় এসেছে। রাজ্যসভায় গতকাল সংবিধানের গৌরব যাত্রার ৭৫ বছর উপলক্ষে এক বিশেষ আলোচনার সূচনা করে শ্রীমতী সীতারমণ বলেন, বিজেপি সর্বদাই মহিলাদের কল্যাণ এবং মহিলা সংরক্ষণে দায়বদ্ধ। সংবিধানকে রক্ষা করার বিষয়ে দল প্রতিশ্রুতিবদ্ধ বলেও তিনি উল্লেখ করেন।

**************************

**DM-Ujjayanta palace :**

আগামী ২০ এবং ২১শে ডিসেম্বর ৭২তম উত্তরপূর্বাঞ্চল পরিষদের পূর্ণাঙ্গ অধিবেশন ত্রিপুরায় অনুষ্ঠিত হবে। পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডা বিশাল কুমার গতকাল এই অধিবেশনের প্রস্তুতি খতিয়ে দেখতে উজ্জয়ন্ত প্রাসাদ এলাকা পরিদর্শন করেন। সেখানে তিনি কাজের অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট আধিকারিকদের কাছে থেকে বিস্তারিত খোঁজ নেন।

***************************

**Mansukh Mandavia :**

কেন্দ্র জানিয়েছে, যে সমস্ত জায়গায় পঞ্চাশ বা তার বেশি কর্মী কাজ করবে সেখানে পৃথকভাবে ক্রেশের সুবিধা অথবা কর্মক্ষেত্রেই এই ব্যবস্থা থাকা বাধ্যতামূলক। লোকসভায় গতকাল এক প্রশ্নের জবাবে শ্রম ও কর্মসংস্থান দফতরের মন্ত্রী ডক্টর মনসুখ মান্ডভিয়া বলেন, কাজ এবং পারিবারিক দায়িত্বের মধ্যে ভারসাম্য রক্ষার জন্য বিভিন্ন আইনের সংশোধন করা হয়েছে। মহিলাদের জন্য মাতৃকালীন সুবিধা আইন ১৯৬১ আইনকে সংশোধন করে এখন ২৬ সপ্তাহের সবেতন ছুটি দেওয়া হয় বলেও মন্ত্রী জানান। তিনি আরো বলেন, সরকারি দপ্তরে কর্মরতা মহিলারা তিন মাসের কম বয়সী শিশুকে দত্তক নিলেও, তিন মাসের সবেতন মাতৃত্বকালীন ছুটি পেয়ে থাকেন।

***************************

**Freshers' Welcome :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস গতকাল ঊনকোটি জেলার ফটিকরায় আম্বেদকর কলেজের "নবীন বিদ্যার্থী বরণ" অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, কলেজে ভর্তি হবার মূল লক্ষ্য শুধুমাত্র ডিগ্রি অর্জন-ই নয়। সফল মানুষ হবারও উদ্দেশ্য থাকতে হবে। বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা।

********************************

**Tet Exam Date :**

টিআরবিটি পরিচালিত টেট পরীক্ষা আগামী বছরের ২০ এবং ২৭শে এপ্রিল অনুষ্ঠিত হবে। এক বিজ্ঞপ্তির মাধ্যমে টিআরবিটির পক্ষ থেকে জানানো হয়েছে পরীক্ষায় বসতে আগ্রহী ছাত্র-ছাত্রীরা অনলাইনে আবেদন করতে পারবেন ২১শে জানুয়ারি থেকে ২৮শে ফেব্রুয়ারি এর মধ্যে। পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ চৌঠা মার্চ। এডমিট কার্ড টিআরবিটির ওয়েবসাইট www.trb.

tripura.gov. in থেকে থেকে ডাউলোড করতে হবে দোসরা এপ্রিল থেকে ১৬ই এপ্রিলের মধ্যে।

**************************

**NISHTHA :**

শিক্ষা মন্ত্রকের প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী গতকাল জানিয়েছেন যে ২০১৯ থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছরে NCERT দ্বারা পরিচালিত বিভিন্ন NISHTHA কর্মসূচির অধীনে ৬৩ লক্ষ ১৭ হাজারেরও বেশি শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। স্কুল প্রধান এবং শিক্ষকদের সার্বজনীন অগ্রগতির জন্য NISHTHA কর্মসূচিটি শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্ভাবনী চিন্তা ভাবনাকে উৎসাহিত করার উপর দৃষ্টি নিবদ্ধ করে। গতকাল লোকসভায় প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী জানান NISHTHA একটি প্রাণবন্ত, অন্তর্ভুক্তিমূলক, এবং জাতীয় শিক্ষা নীতির লক্ষ্য অর্জনে শিক্ষার গুণমান উন্নত করতে, সমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

********************************

**Women's Cricket :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে ত্রিপুরা গ্রুপের ষষ্ঠ তথা শেষ ম্যাচে পরাজিত হয়েছে। হরিয়ানায় অনুষ্ঠিত খেলায় গতকাল কর্ণাটক ২১৯ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

**************************

**Cooch Behar Trophy :**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের প্ল্যাট গ্রুপের ফাইন্যাল খেলায় পুদুচেরীর বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড হাতছাড়া করেছে ত্রিপুরা। পুদুচেরীতে অনুষ্ঠিত চারদিনের ম্যাচের স্বাগতিক পুদুচেরীর প্রথম ইনিংসের ৩৬৪ রানের জবাবে গতকাল তৃতীয় দিনে রাজ্যদলের প্রথম ইনিংস ১৮৭ রানে শেষ হয়ে যায়। ১৭৭

রানে এগিয়ে থেকে পুদুচেরী দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ২০৮ রান করে। আজ খেলার শেষ দিন।

************************

**Weather :**

আজ আকাশ পরিস্কার থাকবে। রাজ্যের বিভিন্ন এলাকায় সকালে কুয়াশা লক্ষ্য করা গেছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১.১ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় অতি ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

************************